

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। সে অনুযায়ী আগামী ২৫ এপ্রিল (শনিবার) অনুষ্ঠিত হবে। এ তারিখ চূড়ান্ত করে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

মঙ্গলবার (৭ এপ্রিল) প্রকাশিত জরুরি বিজ্ঞপ্তিতে জানানো হয়, ওই দিন সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারা দেশে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

দেশের বিভাগীয় ও জেলা শহরের নির্বাচিত
১৩৮টি কেন্দ্রে প্রায় সাড়ে চার লাখ পরীক্ষার্থী
এতে অংশগ্রহণ করবেন।

পড়ুন



ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিস
সময়সূচিতে পরিবর্তন

এতে আরো জানানো হয়, প্রাথমিক আবেদন
নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের আগামী ১১ থেকে
২৪ এপ্রিলের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি
বিষয়ক [ওয়েবসাইট](#) থেকে প্রবেশপত্র
ডাউনলোড করতে হবে। Applicant Login
(Honours Login) অপশনে অ্যাপ্লিকেশন আইডি
ও পিন ব্যবহার করে প্রবেশপত্র সংগ্রহ করা
যাবে।

এ ছাড়া পরীক্ষার্থীদের অবশ্যই সকাল ১০টা ১৫
মিনিটের মধ্যে কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত
আসন গ্রহণ করতে হবে।

এ ছাড়া পরীক্ষার অন্তত তিন দিন আগে নিজ
নিজ কেন্দ্রের আসন বিন্যাস জেনে নিতে হবে।
পরীক্ষার দিন প্রবেশপত্র ও এইচএসসি পরীক্ষার
রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে এবং

প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে
অনুসরণ করতে হবে।

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি
জারি করেন ডিন (ভারপ্রাপ্ত) ড. মো. আশেক
কবির চৌধুরী।